প্রতিবন্ধী কল্যাণে শিবির অনুষ্ঠিত

তেলিয়ামুড়া অফিস

১২ জানুয়ারী ঃ জন উন্নয়ন সমিতি ত্রিপুরা এবং তেলিয়ামুড়া মহকুমা প্রশাসনের সহায়তায় ও পশ্চিম জেলা পুনর্বাসন কেন্দ্রের উদ্যোগে মঙ্গলবার তেলিয়ামুড়ায় প্রতিবন্ধী চিহ্নিত করণ শিবির অনুষ্ঠিত হয়েছে।

ওই দিন সকাল দশটা থেকে তেলিয়ামুড়া টাউনহল প্রাঙ্গণে প্রতিবন্ধী শিবিরে ৫৭জন প্রতিবন্ধী উপস্থিত থেকে তাদের নাম নথিভুক্ত করেছেন। এর মধ্যে ২৪ জন প্রতিবন্ধীকে উদ্যোক্তাদের পক্ষ থেকে নতুন প্রতিবন্ধী হিসাবে সার্টিফিকেট দেওয়া হয়েছে। এছাড়া শিবিরে বিকলাঙ্গ বৃত্তিমূলক পুনর্বাসন কেন্দ্রের উদ্যোগে ১৫-৫০ বয়সের ২২ জন প্রতিবন্ধীর নাম নথিভুক্ত করা হয় যারা বিভিন্ন প্রশিক্ষণ দিতে ইচ্ছুক। এই সংবাদ জানান জাস্টের সিবিআর কো-অর্ডিনেটর প্রশান্ত চৌধুরী।